গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
লালমনিরহাট।
E-mail: ee lal@eedmoe.gov.bd

স্মারক নং:- নিঃপ্রঃ/শিঃপ্রঃঅঃ/লাল/২০২৪/ ৫২০৬ তারিখ:- ২৭/১১/২০২৪ খ্রি.

মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ সুলতান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী (অতি:দা:), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট।
সভার তারিখ : ২৭/১১/২৪ খ্রি:
সভার সময় : সকাল- ১১:০০ মিঃ
স্থান : নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট।
উপস্থিতি : সভায় উপস্থিতিদের তালিকা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি নির্বাহী প্রকৌশলী তার সূচনা বক্তব্যে উল্লেখ করেন, মাসিক সমন্বয় সভা একটি দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, কাজের গতিশীলতা বৃদ্ধি এবং শৃঙ্খলা রক্ষার্থে অতি গুরুত্বপূর্ণ। নিয়মিত মাসিক সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে ভূমিকা রাখার জন্য তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়ভিত্তিক সভাটি পরিচালনা করার জন্য তিনি সহকারী প্রকৌশলী-১ কে অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | ১। বিভিন্ন কর্মসূচি/ প্রকল্পের অগ্রগতি<br>২। অফিসের আনুষাঙ্গিক বিষয় | ১। ৭০১৬ কর্মসূচিভুক্ত কাজের অগ্রগতি পর্যালোচনা।<br>২। মেরামত ও সংস্কার কাজের অগ্রগতি পর্যালোচনা।<br>৩। আসবাবপত্র সরবরাহ কাজের অগ্রগতি পর্যালোচনা।<br>৪। ইআরএমএস এর মাধ্যমে অগ্রগতি হালনাগাদ বিষয়ক আলোচনা।<br>৫। বিবিধ। | ১। সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ/সম্প্রসারণ/ মেরামত ও সংস্কার/ আসবাবপত্র সরবরাহ কাজের তালিকা প্রণয়ন করতে হবে।<br>২। এমবি বই স্ব-হস্তে লিখতে হবে।<br>৩। ওয়ার্ক ডান বিল দিতে হবে।<br>৪। মাঠ পর্যায়ে কাজের গতি বাড়াতে হবে।<br>৫। বন্ধ কাজগুলো দ্রুত শুরু করতে হবে। | সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী |

আলোচনার শেষ পর্যায়ে সভার সভাপতি নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট উপস্থিত সকলের সুস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন এবং সেবা গ্রহীতাদের সেবা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়।

সভাপতি মহোদয় সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১১/২৪

(মোঃ সুলতান মাহমুদ)
নির্বাহী প্রকৌশলী (অতি:দা:)
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
লালমনিরহাট।

প্রাপকঃ
প্রধান প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

**দৃষ্টি আকর্ষনঃ প্রোগ্রামার, আইসিটি শাখা**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রংপুর সার্কেল, রংপুর।
২। অফিস কপি।